

গণগ্রন্থাগার থেকে বইধার দেয়া সংক্রান্ত নীতিমালা-২০১২

পাঠকসাধারণের সুবিধার্থে সরকারি গণগ্রন্থাগারসমূহ হতে পাঠকদের নির্ধারিত সময়ের জন্য বইধার দেয়া হবে। এজন্য ধার দেয়া সংক্রান্ত প্রণীত এ নীতিমালার নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালনসাপেক্ষে কেবলমাত্র নিবন্ধিত পাঠকসাধারণ গণগ্রন্থাগারের বইধার গ্রহণ করতে পারবেনঃ

১. এ নীতিমালা অনুমোদনের তারিখ থেকে কার্যকর হবে।
২. নিবন্ধিত সদস্যগণ বইধার নেয়ার ক্ষেত্রে নীতিমালার শর্তসমূহ পালন করতে বাধ্য থাকবেন।
৩. বইধার গ্রহণের জন্য অগ্রহী পাঠককে সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ১০.০০ টাকা ফি প্রদান করে সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগার থেকে নীতিমালা সহ আবেদন পত্র সংগ্রহ করা যাবে।
৪. সদস্যের ধরন হবে ৩(তিন) প্রকার যানি নিম্নরূপঃ
  - (ক) শিশু সদস্য : অনূর্ধ্ব ১৬ বছরের ছেলে মেয়ে।
  - (খ) ছাত্র/ছাত্রী সদস্য : যাদের বয়স ১৬ বছরের উর্ধ্ব এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত।
  - (গ) সাধারণ সদস্য : ছাত্র/ছাত্রী ব্যতীত ১৬ বছরের বেশি বয়সের সর্বসাধারণ।
৫. বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ভোটার আইডি কার্ড/টোকপি পত্রের অনুলিপি/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র আবেদনের সংগে সংযুক্ত করতে হবে।
৬. সাধারণ সদস্য চাকুরি জীবী হলে তাঁর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা এবং অন্যান্যদের ক্ষেত্রে স্ব স্ব পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার এবং ছাত্র/ছাত্রী সদস্যের জন্য শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধান কর্তৃক সুপারিশসাপেক্ষে সদস্য করা হবে।
৭. ১ম শ্রেণির সরকারি কর্মকর্তা বা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ১(এক) কপি, স্ট্যাম্প সাইজের ২(দুই) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্রের (যদি থাকে) অনুলিপি সংযুক্ত করতে হবে।
৮. সাধারণ সদস্যের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা। ছাত্র/ছাত্রী সদস্যের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা, শিশু সদস্যের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা জামানত হিসেবে জমা দিতে হবে এবং মেয়াদকাল সমাপ্ত হওয়ার পরে উক্ত হওয়ার পরেই তা ফেরত যোগ্য।
৯. নিবন্ধিত সদস্যের সদস্য পদের মেয়াদকাল এক বছর। তবে অগ্রহী পাঠকেরা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ২৫.০০ (পঁচিশ) টাকা নবায়ন ফি প্রদানসাপেক্ষে সদস্য কার্ড নবায়ন করতে পারবেন।
১০. প্রত্যেক সদস্যকে এককালীন ২(দুই) টি বইয়ের বেশী ধার দেয়া হবেনা। সর্বোচ্চ পনের দিনের জন্য বইধার দেয়া হবে। অন্য কোন পাঠকের চাহিদা থাকলে একই পাঠক একই বই ধারাবাহিকভাবে সর্বোচ্চ ২ বার ধার নিতে পারবেন।
১১. কোন সদস্য ধার নেয়া কোন বই হারিয়ে ফেললে বা ক্ষতি সাধন করলে বই এর মূল্যের দ্বিগুণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
১২. নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যদের নিকট থেকে প্রথম সপ্তাহে অতিরিক্ত প্রতিদিনের জন্য বই প্রতি ৫.০০ (পাঁচ) টাকা এবং দ্বিতীয় সপ্তাহ থেকে ১০.০০ (দশ) টাকা জরিমানা আদায় করা হবে। যদি ৩০(ত্রিশ) দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তাঁর জামানত বাজেয়াপ্ত করা হবে। এমনকি পরবর্তীতে তাঁর নামে আর কোন বই ইস্যু করা হবেনা এবং তাঁর সদস্য পদ ও বাতিল করা হবে।
১৩. কার্ড হারিয়ে গেলে সাথে সাথে কর্তৃপক্ষকে জানাতে হবে এবং আবেদনসাপেক্ষে ২৫.০০ (পঁচিশ) টাকা বিনিময়ে পুনরায় কার্ড গ্রহণ করা যাবে।
১৪. রেফারেন্স বই, দুষ্প্রাপ্য বই, বিদেশী প্রকাশনা, সাময়িকী ও পত্র-পত্রিকা ধার দেয়া হবেনা।
১৫. কোন সদস্য বই ধার সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তাঁর সদস্য পদ বাতিল করা সহ জামানত বাজেয়াপ্ত করা হবে।
১৬. যদি কোন সদস্যের বর্তমান ঠিকানা বা মোবাইল ফোন নম্বর পরিবর্তন হয় তবে অবশ্যই তা কর্তৃপক্ষকে জানাতে হবে।
১৭. এই নীতিমালায় বর্ণিত যে কোন শর্ত কর্তৃপক্ষ প্রয়োজনে পরিবর্তন, পরিবর্তন বা সংযোজন করতে পারবেন।
১৮. বই ধার সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।